ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৮১৭

বিলোনীয়া,১৫ নভেম্বর,২০২৫

## বিলোনীয়ায় ইউনিটি প্রমো ফেস্ট অনুষ্ঠানে রাজ্যপাল

### এই ধরনের অনুষ্ঠানের মাধ্যমে রাজ্যের পর্যটন কেন্দ্রগুলির প্রচার ও প্রসার ঘটবে

জাতি ও জনজাতি অংশের মানুষের মিলনস্থল হচ্ছে ত্রিপুরা। তাঁদের নিজস্ব কৃষ্টি ও সংস্কৃতির প্রসারের পাশাপাশি পর্যটন শিল্পের বিকাশে ইউনিটি প্রমো ফেস্ট এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এই ধরনের অনুষ্ঠানের মাধ্যমে রাজ্যের পর্যটন কেন্দ্রগুলির প্রচার ও প্রসার ঘটবে। পর্যটন দপ্তরের উদ্যোগে আজ বিলোনীয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাবিদ্যালয় মাঠে শুরু হওয়া দু'দিনব্যাপী ইউনিটি প্রমো ফেস্টের উদ্বোধন করে একথা বলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু।

অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির পর্যটন কেন্দ্রগুলির প্রচার ও প্রসারে বিশেষ গুরুত্ব দিয়েছেন। উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির পর্যটনের সম্ভাবনাময় ক্ষেত্রগুলিকে দেশের বিভিন্ন রাজ্যে প্রদর্শনীর মাধ্যমে তুলে ধরা হচ্ছে। ফলে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে দিন দিন পর্যটকের আগমন বাড়ছে। রাজ্যেও পর্যটন দপ্তর বছর ব্যাপী দেশ বিদেশের পর্যটকদের আকর্ষণে বিভিন্ন নতুন নতুন উদ্যোগ গ্রহণ করে চলেছে। রাজ্যপাল ইউনিটি প্রমো ফেস্টের সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, জাতি-জনজাতি অংশের মানুষের মিশ্র সংস্কৃতির বিকাশ এবং রাজ্যের পর্যটন শিল্পের প্রসারে ইউনিটি প্রমো ফেস্ট চালু করা হয়েছে। গত বছর ৪টি জেলায় প্রমো ফেস্ট অনুষ্ঠানে ব্যাপক উৎসাহ এবং উদ্দীপনার ফলে এবছর দক্ষিণ ত্রিপুরা ও গোমতী জেলাকে সংযোজন করে মোট ৬টি জেলায় দু'দিনব্যাপী ইউনিটি প্রমো ফেস্ট করা হচ্ছে। রাজ্যের কৃষ্টি ও সংস্কৃতিকে দেশ বিদেশে তুলে ধরার পাশাপাশি রাজ্যে পর্যটন শিল্পের মাধ্যমে রোজগার সৃষ্টির উদ্দেশ্য নিয়ে প্রমো ফেস্ট করা হচ্ছে। এই ধরনের অনুষ্ঠানের মাধ্যমে রাজ্যের পর্যটন কেন্দ্রগুলির প্রচার ও প্রসার ঘটবে এবং কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি রোজগারের সুযোগ সৃষ্টি হবে। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক মাইলাফ্রু মগ, বিধায়ক স্বপ্না মজুমদার, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক মোঃ সাজাদ পি, জেলা পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ সি প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিলোনীয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ।

উল্লেখ্য, আজকের ইউনিটি প্রমো ফেস্ট অনুষ্ঠান মঞ্চে দক্ষিণ ত্রিপুরা জেলার শিল্পীদের দ্বারা পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়াও অনুষ্ঠানে ছিল লেজার শো, আদিবাসী ফ্যাশন শো ইত্যাদি।

*****